গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
বিএফডিসি ভবন
২৩-২৪, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

<u>মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর শুদ্ধাচার বিষয়ক ২য় নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী</u>

সভাপতি : ডা.মো: এনামুল কবীর
তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ)
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর ,ঢাকা।

তারিখ ও সময় :২৭/১২/২০২২; সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর ,ঢাকা।

উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ) এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি ডা.মো: এনামুল কবীর এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয় । সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকার তা দৃঢ়ীকরণ করা হয়। এ দপ্তরের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব সাজ্জাদ হোসেন আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন । তিনি সভাকে অবহিত করেন যে,দপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত আছে। চলতি ২০২২-২০২৩ অর্থবছরের ১ম প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ০৩/১০/২০২২ খ্রি: তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ে ১৯/১২/২০২২ সভায় মন্ত্রণালয় কর্তৃক এ দপ্তর প্রেরিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের ওপর মতামত ও পরামর্শ প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

২.১ শুরুতে দপ্তরের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ ক্রমিকে “সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের বিষয়টি আলোচনা করা হয়। এ বিষয়ে ইতোমধ্যে সদর দপ্তরে একটি ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়েছে । এছাড়া ২.২ ক্রমিকে রাজস্ব বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন ,১.৪ ক্রমিকের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।১.৫ ক্রমিকে দপ্তরের কর্মপরিবেশ উন্নয়নের নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি কার্যক্রম সম্পাদনের পর কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক তাৎক্ষনিকভাবে সংরক্ষণের প্রতি গুরুত্বারোপ করেন।

২.২ মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর সদর দপ্তর কর্তৃক ২য় ও ৪র্থ কোয়ার্টারে ০১টি করে গণশুনানী আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। গণশুনানী সমূহে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, স্টেকহোল্ডার ও সাংবাদিকদের উপস্থিত করার বিষয়ে আলোচনা করা হয়।

২.৩ সভায় প্রদত্ত পরামর্শ মোতাবেক এ দপ্তরের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ভিত্তিতে নির্ধারিত পরিবীক্ষণ ছকে ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রস্তুত করা হয়েছে (পরিশিষ্ট-খ)। প্রস্তুতকৃত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনটির বিষয়ে সকলে সহমত পোষণ করায় প্রতিবেদনটি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য আলোচনা করা হয়।

০৩। সিদ্ধান্তঃ

(১) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুমোদন করা হলো।

(২) গত ১৯/১২/২০২২ খ্রি: তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ফিডব্যাক সভায় মতামত ও পরামর্শ অনুযায়ী শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার পরবর্তী প্রান্তিকের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১২/২০২২

ডাঃ মোঃ এনামুল কবীর
তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ)
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

**২৭/১২/২০২২ইং তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার বিষয়ক ২০২২-২৩ এর নৈতিকতা কমিটির সভার উপস্থিতি।**

সময়: সকাল ১১.০০ ঘটিকা

স্থান: সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, বিএফডিসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা।

| ক্র:নং | সম্মানীত উপস্থিতির নাম, পদবী ও কর্মস্থল | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | ডাঃ মোঃ এনামুল কবীর<br>তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ)<br>মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা। | 01712-561389<br>fitueanamul@gmail.com | [signature] 27/12/22 |
| ০২ | সাজ্জাদ হোসেন<br>তথ্য কর্মকর্তা (মৎস্য)<br>মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা। | 01715-194998<br>sajjad_2k4@yahoo.com | [signature] 27/12/2022 |
| ০৩ | মেহেদী হাসান<br>প্রকাশনা কর্মকর্তা<br>মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা। | 01933574043<br>tumehedi011@gmail.com | [signature] 27/12/22 |
| ০৪ | মোঃ সামছুল আলম<br>গণযোগাযোগ কর্মকর্তা<br>মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা। | 01746749020<br>alam4162@gmail.com | [signature] 27/12/22 |
| ০৫ | আরিফুল ইসলাম<br>সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা<br>মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা। | 01741389409<br>sumon.ru77@gmail.com | [signature] 27/12/22 |